

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭৩৯

সোনামুড়া, ৮ নভেম্বর, ২০২৪

সোনামুড়ায় মাদকদ্রব্য ব্যবহারের কুপ্রভাব নিয়ে কর্মশালা

মেলাঘরস্থিত ত্রিপুরা অ্যাডভেঞ্চার সোস্যাল এক্সপিডিশন অর্গানাইজেশনের উদ্যোগে এবং  
আগরতলা নেহরু যুব কেন্দ্রের সহযোগিতায় সম্প্রতি মাদকদ্রব্য ব্যবহারের কুপ্রভাব নিয়ে এক  
সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। সোনামুড়া রেভিনিউ ডাকবাংলায় অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধন  
করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী। কর্মশালায় সোনামুড়া মহকুমার বিভিন্ন  
বিদ্যালয় থেকে ৫০ জন ছাত্রছাত্রী অংশ নেয়। কর্মশালায় উপস্থিত ছিলেন সোনামুড়া মহকুমার মহকুমা  
শাসক এম কে চাকমা, সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শশী মোহন দেববর্মা, সোনামুড়া মহকুমার  
ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববর্মা, সোনামুড়া প্রেস ক্লাবের সম্পাদক অভিজিৎ বৰ্ধন, ত্রিপুরা  
অ্যাডভেঞ্চার সোস্যাল এক্সপিডিশন অর্গানাইজেশনের সম্পাদক লিটন শীল প্রমুখ। অতিথিগণ যুব সমাজকে  
নেশা থেকে কিভাবে মুক্ত রাখা যায় তা নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*